দৈনিক খবর

তারিখ 09 OCT 1991
পৃষ্ঠা 2 কলাম

এসএসসি পরীক্ষা

# মেধা তালিকায় কারচুপি তদন্তে কমিটি আজ হতে পারে

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

অভিভাবকদের অভিযোগের পর আজ ঢাকা বোর্ডের বিজ্ঞান বিভাগের এসএসসি মেধা তালিকার কারচুপির ব্যাপারে তদন্ত কমিটি গঠিত হতে পারে। গত সোমবার মেধা তলিকায় কারচুপির অভিযোগ নিয়ে অভিভাবকরা শিক্ষামন্ত্রীর সাথে দেখা করলে তিনি শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খানকে এ ব্যাপারে তদন্তের নির্দেশ দেন।

ঢাকার বিভিন্ন স্কুল ছাত্রদের অভিভাবকরা শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকারের সাথে মেধা তালিকায় কারচুপির অভিযোগ নিয়ে দেখা করলে তিনি শিক্ষা প্রতিমন্ত্রীকে এক চিঠিতে এ ব্যাপারে তদন্তের নির্দেশ দেন। চিঠিতে এভাবে লেখা ছিল 'প্লিজ লুক ইন টু দি ম্যাটার।'

এদিকে অভিভাবক মহলে অনেকদিন যাবৎ এক ধরনের ক্ষোভের সঞ্চার হয়েছে। তারা গত ২৩শে সেপ্টেম্বর এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেছিলেন, ষড়যন্ত্র করে একতরফাভাবে এবার মির্জাপুর ক্যাডেট কলেজকে ১৪টি ও ময়মনসিংহে গার্লস ক্যাডেট কলেজকে ৬টি স্থান দেয়া হয়েছে। তারা ক্ষোভের সাথে জানান, ঢাকা মহানগরীর বিভিন্ন স্কুলের বেশ কয়েকজন ছাত্র-ছাত্রীকে তাদের ন্যায়সঙ্গত ফল থেকে বঞ্চিত করা হয়েছে। এতে অত্যন্ত প্রতিভাবান বেশ কিছু ছাত্র-ছাত্রীর প্রতি শুধু অবিচারই করা হয়নি, তাদেরকে নিক্ষেপ করা হয়েছে হতাশার অন্ধকারে।

গত ২৩শে সেপ্টেম্বর সাংবাদিক সম্মেলনে অভিভাবকগণ এবারের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ক্যাডেট কলেজ দু'টির ছাত্র-ছাত্রীদের সাথে ঢাকা মহানগরীর স্কুলগুলোর আটশ' ও ততোধিক নম্বরপ্রাপ্তদের নিরপেক্ষ ও অভিজ্ঞ পরীক্ষক দল নিয়ে পুনঃ পরীক্ষার দাবী জানিয়েছিলেন।

উল্লেখ করা যেতে পারে, এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের কয়েকদিন পূর্বে ঢাকা পশ্চিম কেন্দ্রের কয়েক হাজার পরীক্ষার্থীর খাতা গায়েব হওয়ার খবর প্রকাশিত হয়েছিল।।

গতকাল রাতে খবর অফিসে টেলিফোন করে একজন অভিভাবক জানালেন, তদন্ত কমিটি গঠনের ব্যাপারে তারা এখনও সন্ধিহান। তবে তিনি এর সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত দাবী করেন।

অপরদিকে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার গত সোমবার শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খানকে দায়িত্ব দিয়ে গতকাল দেশের বাইরে চলে যান।

31